শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ


## ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com,

ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd

JPBS ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100


স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২২. ৬৭৪৫      তারিখঃ ১৪ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ / ২৯ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ স্টীল আসবাব সরবরাহের নিমিত্তে পুনঃ রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসংগে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির স্টীল আসবাব ক্রয়ের নিমিত্তে নিম্নোক্ত স্পেসিফিকেশন মোতাবেক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সরাসরি কোটেশন আহবান করা যাচ্ছে।

| দরপত্র | ক্রঃ নং | বিবরণ | পরিমাণ (টি) | উদ্ধৃত দর | |
|---|---|---|---|---|---|
| | | | | একক দর (টাকা) | মোট দর (টাকা) |
| আরএফকিউ নং-১৪/২০২২-২০২৩ | ০১ | **স্টীল ফাইল কেবিনেটঃ** বডির বাহিরে ২০ গেজি, চ্যানেল ১৮ গেজি ভিতরে ২২ গেজি স্টীল শীট দ্বারা তৈরী, উচ্চতা ৫৪ ইঞ্চি × দৈর্ঘ্য ২৪ ইঞ্চি × প্রস্থ ২০ ইঞ্চি, ৪ ড্রয়ার বিশিষ্ট, একটি তালা সিস্টেমের উন্নতমানের লক ও হ্যান্ডেল, স্প্রে রং এ্যাস কালার (নমুনা মোতাবেক)। | ১০ | | |
| | ০২ | **স্টীল আলমারীঃ** বাহিরে ২০ গেজি, ভিতরে ২২ গেজি স্টীল শীট দ্বারা তৈরী, উচ্চতা ৭২ ইঞ্চি × দৈর্ঘ্য ৩৬ ইঞ্চি × প্রস্থ ২০ ইঞ্চি, চার তাক বিশিষ্ট ও মাঝখানে ০২ ড্রয়ার, উন্নতমানের লক ও হ্যান্ডেল, স্প্রে রং এ্যাস কালার (নমুনা মোতাবেক)। | ০৪ | | |
| | ০৩ | **স্টীল আলমারী (আনসারদের আর্মস রাখার জন্য):** বাহিরে ২০ গেজি, ভিতরে ২২ গেজি স্টীল শীট দ্বারা তৈরী, উচ্চতা ৭২ ইঞ্চি × দৈর্ঘ্য ৪২ ইঞ্চি × প্রস্থ ২০ ইঞ্চি, উপরের অংশে চার তাক বিশিষ্ট, মাঝখানে ০২ ড্রয়ার ও নিচের অংশে একটি বড় তাক। উন্নতমানের লক ও হ্যান্ডেল, এ্যাস কালার স্প্রে রং (নমুনা মোতাবেক)। | ০১ | | |
| | | | | সর্বমোট = | |

**কথায়ঃ** ............................................................................।

শর্তাবলীঃ

০১) দরপত্র আগামী **০৬/১২/২০২২ খ্রিঃ** তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ-এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ **০৬/১২/২০২২খ্রিঃ** তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থানসমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরন নম্বর (TIN), সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০২

০৩) খামের উপর **"স্টীলের আসবাব সরবরাহের পুনঃ দরপত্র"** শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৪) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।দরপত্র সঠিকভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৫) মালামাল অবশ্যই নির্ধারিত মানের নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে। মালামালের সঠিক নমূনা/বিবরণ সমিতি কর্তৃপক্ষের নিকট হতে জেনে/দেখে দর উদ্ধৃত করতে হবে ।

০৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন পূর্ব সন্তোষজনক সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

০৭) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮) কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামালসমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।

০৯) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১১) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তিটি ঝিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

স্বাঃ/-
( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ঝিনাইদহ।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
১১) ডিজিএম, শৈলকুপা/ কালীগঞ্জ/ মহেশপুর/ হরিণাকুন্ডু/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
১২) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর/ হাটফাজিলপুর/ বারবাজার সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
১৩) এজিএম (অর্থ), ঝিনাইদহ পবিস।
১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস-**বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।**
১৫) মেসার্স-------------------------------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
১৭) দাপ্তরিক নথি।

ইছাহাক
২৩/১১/২২
( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার

D:\Jesmin Nahar\RFQ File\RFQ, 2022-2023\স্টীলের আসবাব.docx